



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২৬৬৭৮

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬৬০

তারিখঃ ২৬.০৫.২০১৯খ্রিঃ

বিষয়ঃ বোর্ডের নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬৭৬; তারিখঃ ২৫.০৪.২০১৮ খ্রিঃ এ প্রদত্ত সিদ্ধান্ত অমান্য করে মাদ্রাসার সুপার কে পুণঃবহাল না করায় মাদ্রাসার ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না তৎমর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬৭৬; তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসার কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী থেকে অপসারণ সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন অত্র বোর্ডে দাখিল করা হয়। দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকায়, শূন্য পদে নিয়োগে সভাপতির স্বাক্ষর থাকায়, প্যাটার্ন বহির্ভূত নিয়োগ এবং স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী হতে অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি সূত্রোক্ত ১নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। কিন্তু অদ্যাবধি বোর্ডের সূত্রোক্ত ১ নং স্মারকের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি যাহা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৩৬, ৪১এর ২(ঘ)(চ)এর স্পষ্ট লঙ্ঘন।

বর্ণিত বোর্ডের সূত্রোক্ত ১ নং স্মারকের সিদ্ধান্ত দীর্ঘদিন বাস্তবায়ন না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান এর ৩৮(১) অনুযায়ী কেন মাদ্রাসার ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হইবে না তা অত্র নোটিশ প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মাদ্রাসার ম্যানেজিং কমিটিকে কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি;

২) ভারপ্রাপ্ত সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬৬০

তারিখঃ ২৬.০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. জেমা প্রশাসক, নওগাঁ।
২. জেলা শিক্ষণ অফিসার, নওগাঁ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, রানীনগর, নওগাঁ।
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪